



চীনের প্রথম নারী অভিযাত্রীকে নিয়ে যাত্রা করল শেনঝু-৯ ● এএফপি

চীনের প্রথম নারীর মহাকাশযাত্রা

চীনের সবচেয়ে উচ্চাভিলাষী মহাকাশ অভিযানে অংশ নিচ্ছেন দেশটির প্রথম নারী নভোচারী লিউ ইয়াং। শেনঝু-৯ নামের একটি নভোযান লিউসহ অপর দুই পুরুষ অভিযাত্রী নিয়ে গোবি মরুভূমির প্রত্যন্ত এলাকা থেকে গতকাল শনিবার যাত্রা করে।

লিউ ইয়াং
অভিযানের নেতৃত্বে
রয়েছেন জিং হেইপেং ও লিউ ওয়াং।
১৩ দিনব্যাপী অভিযানে মহাকাশে
বিভিন্ন পরীক্ষা চালানো হবে। এ
সময় নভোযানটিকে তিয়াংগং-১
নামক মহাকাশকেন্দ্রের সঙ্গে যুক্ত
করা হবে। তিয়াংগং-১ বর্তমানে



পরীক্ষামূলক ভাবে
মহাশূন্যে আবর্তনশীল
রয়েছে।

চীনের রাষ্ট্রীয়
টেলিভিশনে শেনঝু-৯
নভোযানের যাত্রা করার
দৃশ্য সম্প্রচার করা হয়।
দেশটির আইনসভা
ন্যাশনাল পিপলস
কংগ্রেসের চেয়ারম্যান উ
বাংগু বলেন,
অভিযাত্রীদের সফল
প্রত্যাবর্তনের জন্য দেশের জনগণ
অপেক্ষায় থাকবে। এএফপি।